

# জগন্নাথে কর্মচারীদের পেশাগত উন্নয়নে বিশেষ প্রশিক্ষণ

জবি সংবাদদাতা

প্রকাশিত: ০০:০৮, ৩ জুন ২০২৫



ছবি: জনকণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম বলেছেন, "শিক্ষা ও গবেষণাই বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার জন্য কর্মচারীদের যথেষ্ট অবদান রয়েছে। তাদের দক্ষতা বাড়াতে এ ধরনের প্রশিক্ষণ প্রয়োজন। সামাজিক ব্যবস্থায় সবারই দায়িত্ব সঠিক ও আন্তরিকভাবে পালন করা উচিত।"

সোমবার (২ জুন) জবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে 'কার্যকর দাপ্তরিক সহায়তা ও শৃঙ্খলা' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য এ কথা বলেন।

আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মো. আবু লায়েকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।  
মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের  
চেয়ারম্যান ও অতিরিক্ত পরিচালক মেজবাহ-উল-আজম  
সওদাগর।

বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন  
বলেন, "আমরা সবাই এই বিশ্ববিদ্যালয়ের অংশীদার। আমাদের  
দায়িত্ব দক্ষতা, নৈতিকতা ও ঈমানের সাথে কাজ করা।"

প্রশিক্ষণ কর্মশালায় মূল বক্তা হিসেবে ইসলামিক স্টাডিজ  
বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন এবং  
ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন  
অংশগ্রহণ করেন। তারা তাদের আলোচনায় দাপ্তরিক কার্যক্রমে  
দক্ষ সহায়তা ও শৃঙ্খলা রক্ষাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা  
দেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ ও দপ্তরের  
স্থায়ী সহায়ক কর্মচারীবৃন্দ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।  
প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা  
অনুষ্ঠিত হয়। কুইজ প্রতিযোগিতায় সেরা পাঁচজনকে পুরস্কৃত  
করা হয়।

---